



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/11/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

উনিশতম বার্ষিকীতে গভর্নর কুওমো 11 সেপ্টেম্বরে ওয়ার্কাস প্রোটেকশন টাস্ক ফোর্স বিলের
পুনর্গঠনে স্বাক্ষর করেন

আইন টাস্ক ফোর্সটিকে 2025 সালের জুন মাস পর্যন্ত বর্ধিত করে

*প্রতিবন্ধীদের দাবিগুলির জন্য প্রক্রিয়াকরণের সময়, 9/11-এর প্রতিক্রিয়ায় অংশগ্রহণকারী
ব্যক্তিদের চিহ্নিত করার সুযোগ ও সরকারী কর্মচারীদের জন্য প্রতিবন্ধকতা কভারেজের অভাব
বিলেষণ করে আইন টাস্কফোর্সের ব্যাপকতাকে প্রসারিত করে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ 11 সেপ্টেম্বর ওয়ার্কাস প্রোটেকশন টাস্ক ফোর্স (Workers Protection Task Force) পুনর্গঠন আইনে (S08129/A10249) স্বাক্ষর করেছেন। 2005 সালে গঠিত, ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে উদ্ধার, পুনরুদ্ধার ও প্রতিক্রিয়াতে অংশ নেওয়া কর্মীদের উপর প্রতিকূল স্বাস্থ্যের প্রভাব সম্পর্কিত ডেটা পাওয়ার জন্য, এই ধরনের কর্মীদের প্রতিবন্ধীদের বিদ্যমান কর্মসূচির সীমাবদ্ধতা চিহ্নিতকরণ ও এই প্রোগ্রামগুলির অ্যাক্সেস এবং সুযোগ উন্নত করতে সুপারিশ করার জন্য এই টাস্ক ফোর্স তৈরি করা হয়েছিল।

"এই সাহসী পুরুষ ও নারীরা নিঃস্বার্থভাবে তাদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলে 9/11-এর পরে নিউ ইয়র্ককে পুনরুদ্ধার করতে সহায়তা করেছিলেন এবং তারা যেভাবে আমাদের যত্ন নিয়েছিলেন তারাও সেবাবে যত্ন পাওয়ার অধিকারী," **গভর্নর কুওমো বলেন।** "এই পদক্ষেপ তাদের প্রয়োজনীয় যত্ন গ্রহণ অব্যাহত রাখতে সাহায্য করবে এবং নিউ ইয়র্ক তাদের ক্রমবর্ধমান চাহিদা পূরণে কাজ করতে সক্ষম হবে।"

টাস্ক ফোর্স গ্রাউন্ড জিরোতে টেক্সনের সংস্পর্শে আসা স্বাস্থ্যের প্রভাব, দুর্ঘটনাজনিত অক্ষমতার অবসর গ্রহণের সুবিধার জন্য বিদ্যমান আইন ও বিধিমালার সীমাবদ্ধতা ও ব্যয়কে স্টেটে সহায়তা করার জন্য সম্ভাব্য ফেডারেল তহবিল সম্পর্কিত গবেষণা এবং প্রতিবেদন প্রকাশ করেছে। এই আইন টাস্ক ফোর্সের অস্তিত্ব 2025 সালের জুন মাস পর্যন্ত 5 বছরের জন্য প্রসারিত করে। এটি প্রতিবন্ধীদের দাবির জন্য গড় প্রক্রিয়াকরণ সময় বিশ্লেষণ, দাবির জন্য অনুমোদনের হার, সাড়ায় অংশগ্রহণকারী সরকারি কর্মচারীদের জন্য প্রতিবন্ধকতা কভারেজের অভাব অন্তর্ভুক্ত করার

জন্য টাস্ক ফোর্সের প্রয়োজনীয় উদ্দেশ্যকে প্রসারিত করে; বেনিফিটগুলি সিংক্রোনাইজ করার জন্য আপীল প্রক্রিয়া ও সুযোগ এবং 9/11-এর প্রতিক্রিয়ায় অংশগ্রহণকারী ব্যক্তিদের চিহ্নিত করা।

সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডস বলেন, "9/11 হামলার প্রায় দুই দশক পরেও আমাদের প্রথম সাড়া প্রদানকারীরা এর প্রভাব নিয়ে কাজ করছে। 9/11 এর সাথে জড়িত হাজার হাজার ব্যক্তির ক্যান্সার ও রোগ নির্ণয় করা হয়েছে। যখন আমরা বলি 'কখনো ভুলি না' বলি, তখন আমাদের ও বলতে হবে যে এই ভয়াবহ দিনে এবং পরের দিনগুলোতে যারা আমাদের নায়ক ছিল তাদের পিছনে ফেলে যেও না। সেই সব কর্মী ও সাহায্যকারীদের তাদের প্রাপ্য প্রয়োজনীয় সুবিধা ও স্বাস্থ্যসেবা আছে এই বিলটি তা আমাদের অব্যাহত নিশ্চিত করতে পারবে এবং আজ আমি আমার বিলটিতে স্বাক্ষর করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য স্টেসি পিফার আমাটো বলেন, "আমরা 2001 সালের 11 সেপ্টেম্বরকে কখনও ভুলবো না, এজন্যই যারা সেদিনের ঘটনার দ্বারা প্রভাবিত হচ্ছে তাদের রক্ষা করার জন্য আমাদের কাজ কখনোই বন্ধ হয় না। 11 সেপ্টেম্বর ওয়ার্কার প্রোটেকশন টাস্ক ফোর্স (Worker Protection Task Force) আমাদের শহরের জন্য অত্যন্ত ত্যাগী পুরুষ ও মহিলা এবং তাদের পরিবারকে আরও সুরক্ষিত ও সেবা প্রদান করবে। 9/11-এর প্রথম সাড়াদানকারীদের সহায়তা করার লড়াইয়ে তার নেতৃত্বের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই এবং এই বিলটি পাস করার জন্য আমি সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডসকেও ধন্যবাদ জানাতে চাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)